

আমি ইরাক বলছি

আবার রক্তে রাঙা হল আমার মাটি
কারবালার প্রান্তর আরো একবার
ভিজে গেল আমার দেশের অগনিতিক
নিরীহ সন্তানের রক্তে।
আরো একবার হামলা করলো বিদেশী
এজিদ সেনার দল, আমার বক্ষে।
ক্ষত বিক্ষত করলো আমার সারা শরীর
তাদের বোমার আঘাতে,
ধ্বংস করলো আমার ঐতিহ্য, আমার
সুপ্রাচীন সৌধ।
লুণ্ঠ করলো আমার দেশের সম্পদ
আমার দেহের অলঙ্কার
আমার ঐশ্বর্য।
পঙ্কু করে গেল তাদের নৃসংশ
থাবায় আমার বর্তমান
অনিশ্চয়তার আঁধারে ভরে দিয়ে
গেল আমার ভবিষ্যত।
আমার সন্তানদের
করে দিয়ে গেল অনাথ
আমার দেহ ভিজে গেল শিশু আর
স্বামীহারা নারী দের কান্নায়।
বুশ এজিদ শুরু করলো তার
লুণ্ঠ আর প্রাণনাশের মহাজনী
একে একে সে আঁধারের মত গ্রাস করবে
আমার প্রতিবেশীদের
লুণ্ঠ করবে তাদের ও প্রাকৃতিক সম্পদ
বোমা রাখার ছলনায়।

মীর গোলাম সাবীর আলী।
আমার কবিতা সংগ্রহ
৯৮৩৬১০৭৯৫৭